

## সিলেট বিকেএসপি'র একাডেমিক ভবন ও সিনথেটিক ফুটবল মাঠের উদ্বোধন



আজ ৮ মে ২০২২, দুপুরে সিলেট বিকেএসপি'র নবনির্মিত একাডেমিক ভবন ও সিনথেটিক ফুটবল মাঠের উদ্বোধন করেছেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মো: জাহিদ আহসান রাসেল এমপি। যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক বিকেএসপির আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র সিলেট এর উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় এসকল স্থাপনা প্রায় ২০ কোটি টাকা ব্যয়ে নির্মিত হয়েছে। বিকেএসপির মহাপরিচালক এএকে এম মাজহারুল হক এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া সচিব মেজবাহ উদ্দিনাউদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী বলেন, বাংলাদেশ ফুটবল ফেডারেশনকে প্রায় ৫ বছর সিলেট বিকেএসপি এর ব্যবহারের জন্য দেওয়া হয়েছিল। তারা এখানে একাডেমি তৈরী করেছিল এ কারনে আমরা দীর্ঘদিন সংক্ষার কাজ করতে পারেনি। ২০১৭ সালে তারা যখন সিলেট বিকেএসপিকে আমাদের কাছে হস্তান্তর করে তখন আমরা এটিকে নতুনভাবে চেলে সাজানোর উদ্যোগ গ্রহন করি। এই ধারাবাহিকতায় আজ প্রায় ২০ কোটি টাকা ব্যয়ে সিলেট বিকেএসপি'র নবনির্মিত একাডেমিক ভবন ও সিনথেটিক ফুটবল মাঠের উদ্বোধন করা হলো। আমরা অচিরেই এটিকে আরো সম্প্রসারিত করার পরিকল্পনা গ্রহণ করেছি। আমরা এখানে সুইমিংপুল ও জিমন্যাসিয়াম তৈরী করব। আমরা সিলেটকে ফুটবলের জন্য ডেভিকেট করেছি।

